



# মজিদ জরিলা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ, শরীয়তপুর



শিক্ষাবর্ষ-২০২০

EiIN: 136825

কলেজ কোড : ৬০২৮

বিদ্যালয় কোড : ৬০৬১

ওয়েবসাইট : <https://www.mjfsc.edu.bd>

ফেসবুক পেইজ : Mazid Jarina Foundation School and College

স্মারক নং: ম.জ.ফা.স্ক.ক.অ.নো.-২০২০/৩৩

তারিখ : ২৪/০৯/২০২০ খ্রি.

## নোটিশ

অত্র প্রতিষ্ঠানের নার্সারি থেকে দ্বাদশ শ্রেণির সকল শিক্ষার্থী ও তাদের অভিভাবকের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান করোনা পরিস্থিতিতে শিক্ষাপ্রতিষ্ঠানের ছুটি বৃদ্ধি পাওয়ায় মজিদ জরিলা ফাউন্ডেশন স্কুল এন্ড কলেজ প্রশাসন শিক্ষার্থীদের অনলাইন শিক্ষা কার্যক্রমে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ অনলাইন শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে আগামী ১৫ অক্টোবর ২০২০ খ্রি. থেকে নার্সারি থেকে ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম ও ৯ম শ্রেণির অনলাইন ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা, ৫ম ও ৮ম শ্রেণির অনলাইন চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা (১ম পর্ব), এবং ১০ম ও ১২শ শ্রেণির অনলাইন প্রাক নির্বাচনি পরীক্ষা গ্রহণ করা হবে। এ পরীক্ষার জন্য নির্ধারিত সিলেবাসের উপর শিক্ষকগণের প্রস্তুতিমূলক ভিডিও লেকচার সমূহ ২৬/০৯/২০২০ খ্রি. হতে কলেজ ওয়েবসাইটে(Open Video Lecture অপশনে) পাওয়া যাবে।

অনলাইন পরীক্ষায় অংশগ্রহণ, পরীক্ষার রুটিন, সিলেবাস ও বেতন পরিশোধ সংক্রান্ত নির্দেশনাসমূহ-

### সাধারণ নির্দেশনা

- ✚ অনলাইন ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা(১ম পর্ব)/প্রাক-নির্বাচনি পরীক্ষায় সকল শিক্ষার্থীর অংশগ্রহণ বাধ্যতামূলক।
- ✚ নার্সারি থেকে নবম শ্রেণির আগামী ডিসেম্বর-২০২০ খ্রি. অনুষ্ঠিতব্য ২য় সেমিস্টার ফাইনাল পরীক্ষা/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা ২য় পর্বের সাথে এ অনলাইন ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা ১ম পর্বের প্রাপ্ত নম্বর যোগ করে চূড়ান্ত মেধা তালিকা প্রস্তুত করা হবে এবং তার ভিত্তিতে শিক্ষার্থীদের পরবর্তী শ্রেণিতে প্রমোশন দেয়া হবে।
- ✚ যদি কোন শিক্ষার্থী অনলাইন পরীক্ষায় অংশগ্রহণ করতে অপারগ হয় তবে ঐ শিক্ষার্থীর অভিভাবক স্বাস্থ্য বিধি মেনে স্বশরীরে কলেজে এসে তাঁর অপারগতার সুনির্দিষ্ট কারণ লিখে অধ্যক্ষ বরাবর দরখাস্ত দিতে হবে।
- ✚ পরীক্ষায় অংশগ্রহণ করেনি, আবার দরখাস্তের মাধ্যমে অনুমতিও গ্রহণ করেনি এমন শিক্ষার্থীদের পরবর্তী শ্রেণিতে প্রমোশন বাধাগ্রস্ত হবে। বিষয়টি অতীব গুরুত্বের সাথে অভিভাবককে জানানো হলো।

### পরীক্ষায় অংশগ্রহণ ও রুটিন সংক্রান্ত

- ❖ অনলাইন ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা/চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা(১ম পর্ব)/প্রাক-নির্বাচনি পরীক্ষার রুটিন ২৬/০৯/২০২০ খ্রি. হতে কলেজের ওয়েবসাইট ও ফেসবুক পেইজে পাওয়া যাবে।
- ❖ এ পরীক্ষা অনলাইন প্ল্যাটফর্মে তথা Mazid Jarina Foundation School and College নামে কলেজের ভেরিফাইড ফেসবুক পেইজে অনুষ্ঠিত হবে।
- ❖ পরীক্ষার রুটিন অনুযায়ী নির্ধারিত তারিখে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার লিংকটি কলেজের ফেসবুক পেইজে পাওয়া যাবে।
- ❖ শিক্ষার্থীরা নিশ্চিত হয়ে নিজ শ্রেণির লিংকে প্রবেশ করবে, অভিভাবকগণ এ ব্যাপারে তাঁর সন্তানকে সর্বাত্মক সহযোগিতা করবেন।

- ❖ শিক্ষার্থীদের অবশ্যই রুটিনের নির্ধারিত দিন ও সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরের বৃত্ত ভরাট করে অবশ্যই Submit করতে হবে। নির্ধারিত সময়ের পর লিংকটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। এরপর চাইলেও আর ঐ লিংকে প্রবেশ করা যাবে না।
- ❖ উল্লেখ্য, একজন শিক্ষার্থী একবারই পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এজন্য শিক্ষার্থীর নাম, রোল, শ্রেণি, শাখা ও আইডি সঠিকভাবে পূরণ করতে হবে।

### পরীক্ষার সিলেবাস, পূর্ণমান ও অনলাইন ক্লাস

- নার্সারি থেকে ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম ও ৯ম শ্রেণির শিক্ষার্থীদের অনলাইন ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষা পূর্ব নির্ধারিত ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষার সিলেবাসে অনুষ্ঠিত হবে।
- ৫ম ও ৮ম শ্রেণির শিক্ষার্থীদের চূড়ান্ত মূল্যায়ন পরীক্ষা (১ম পর্ব) ১ম ও ২য় ইউনিট পরীক্ষার সিলেবাসে অনুষ্ঠিত হবে।
- ১০ম ও ১২<sup>শ</sup> শ্রেণির শিক্ষার্থীদের প্রাক-নির্বাচনি পরীক্ষার সিলেবাস নির্বাচিত অংশের উপর অনুষ্ঠিত হবে যা ২৭/০৯/২০২০ তারিখে কলেজ ওয়েবসাইট ও ফেসবুক পেইজে পাওয়া যাবে।
- প্রতিটি বিষয়ে ১০০ নম্বরের MCQ টাইপের প্রশ্নে পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রতিটি প্রশ্নের মান ১ থাকবে। পরীক্ষার সময় দেয়া হবে ১০৫ মিনিট অর্থাৎ ১ ঘন্টা ৪৫ মিনিট।
- যেহেতু পরীক্ষা MCQ পদ্ধতিতে অনুষ্ঠিত হবে, সেহেতু শিক্ষকগণ নির্ধারিত সিলেবাসের উপর MCQ টাইপের প্রস্তুতিমূলক ক্লাস নিবেন। উক্ত ক্লাসগুলোর ভিডিও লেকচারসমূহ ২৬/০৯/২০২০ খ্রি. হতে কলেজ ওয়েবসাইটে পর্যায়ক্রমে আপলোড করা হবে। উল্লেখ্য, আপলোডকৃত লেকচারসমূহ হতে কমপক্ষে ৫০% প্রশ্ন শিক্ষার্থীরা হুবহু কমন পাবে।

### বেতন ও অন্যান্য ফিস পরিশোধ সংক্রান্ত

- সকল শিক্ষার্থীকে অক্টোবর-২০২০ পর্যন্ত বেতন, মার্চ- ২০২০ পর্যন্ত বাস ভাড়া (যদি বকেয়া থাকে) ও অন্যান্য পাওনাদি ০৫/১০/২০২০ তারিখের মধ্যে পরিশোধ করে অনলাইন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোড নম্বর গ্রহণ করতে হবে।

বি. দ্র.: নার্সারি থেকে ৪র্থ শ্রেণির অনলাইন ১ম সেমিস্টার ফাইনাল পরীক্ষার বিষয়ভিত্তিক সাজেশন শিক্ষার্থী/অভিভাবকগণ কলেজ ওয়েবসাইটের Others অপশন হতে ডাউনলোড করতে পারবে। প্রয়োজনে অভিভাবকগণ স্বাস্থ্য বিধি মেনে কলেজ অফিস থেকেও সংগ্রহ করতে পারবে। এছাড়া, উক্ত শ্রেণিসমূহের পরীক্ষার প্রস্তুতিমূলক ভিডিও লেকচারসমূহ ৭/১০/২০২০ খ্রি. হতে কলেজ ওয়েবসাইটে পর্যায়ক্রমে আপলোড করা হবে।



২৪/০৯/২০২০

(এম. ফরিদ আল হোসাইন)

অধ্যক্ষ

বিতরণ : সংশ্লিষ্ট শিক্ষক, নোটিশ বোর্ড, অফিস নোটিশ ফাইল